**কুষ্টিয়া জেলার কোভিড-১৯ সংক্রান্ত চিকিৎসা ব্যবস্থাপনা, ত্রাণ কার্যক্রম সমন্বয় ও আইন-শৃংখলা পরিস্থিতি বিষয়ক ভিডিও কনফারেন্সের কার্যবিবরণী**

**তারিখঃ ২৭ এপ্রিল ২০২০**

**সময়ঃ বিকাল-৩.০০ ঘটিকা**

**স্থানঃ কনফারেন্স রুম, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।**

সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় কুষ্টিয়া জেলার কোভিড-১৯ সংক্রান্ত চিকিৎসা ব্যবস্থাপনা, ত্রাণ কার্যক্রম সমন্বয় ও আইন-শৃংখলা পরিস্থিতি বিষয়ে ভিডিও কনফারেন্সে জেলা প্রশাসক, কুষ্টিয়া-এর সাথে জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া,, উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর এবং উপজেলা নির্বাহী অফিসার,ভেরামারা কার্যালয়ের কনফারেন্স কক্ষে উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে ভিডিও কনফারেন্স শুরু করেন।

ভিডিও কনফারেন্সের প্রারম্ভে উপস্থিত সকলেই নিজ নিজ পরিচয় প্রদান করেন। ভিডিও কনফারেন্সে কুষ্টিয়া-১ আসনের মাননীয় সংসদ সদস্য এ্যাডভোকেট আ. কা. ম. সরওয়ার জাহানসহ, কুষ্টিয়া জেলা পরিষদের চেয়ারম্যান, পুলিশ সুপার, সিভিল সার্জন, জেলা পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, কুষ্টিয়া সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া পৌরসভার মেয়র, জেলা আওয়ামীলীগের সেক্রেটারী, এছাড়া ভিডিও কনফারেন্সে ভেড়ামারা ও দৌলতপুর উপজেলার উপজেলা নির্বাহী অফিসারসহ উপজেলা পর্যায়ের বিভিন্ন স্তরের কর্মকর্তাবৃন্দ ও সুরক্ষা সেবা বিভাগের সকল উইংপ্রধানসহ সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

জেলা প্রশাসক, কুষ্টিয়া জানান-কুষ্টিয়া জেলার জনসংখ্যা ২২ লক্ষ ৫৩ হাজার ৫৮১ জন। ০৬টি উপজেলা, ০৫টি পৌরসভা ও ৬৫টি ইউনিয়ন নিয়ে এ জেলা গঠিত। এখানে দারিদ্রের হার ১৭%, অতি দারিদ্রের হার ৭.১%। জেলার আয়তন ১৬২১.২৫ বঃ কি.মি.। জেলার প্রধান ফসল ধান, আখ, তামাক, পাট, গম, ভূট্রা, সরিষা ও ডাল। জেলার মোট জমি-১,৬২,১২৫ হেঃ। এর মধ্যে ফসলী জমি- ১,১৫,৯৭৮ হেঃ। মোট খাদ্য উৎপাদন (চাউল+গম)- ৪,৫৫,৯৫১ মেঃ টন। মোট খাদ্য চাহিদাঃ ৩,৮১,৬৯৪ মেঃ টন। উদ্বৃত্ত খাদ্য -৭৪,২৫৭ মে.টন।

জেলা প্রশাসক আরো জানান, এ পর্যন্ত ৪৭৫টি স্যাম্পল টেষ্ট-এর বিপরীতে ৩১৪টির ফলাফল পাওয়া গেছে। ৩০৩ জনের নেগেটিভ ও ১৫ জনের পজিটিভ ও ১৬১টি স্যাম্পলের ফলাফল এখনো পাওয়া যায়নি। বর্তমানে জেলায় ১৩ জন আক্রান্ত রোগী আছে। এর মধ্যে ১ জন হলো মিরপুর স্বাস্থ্য কমপ্লেক্সের ডাঃ সৈয়দা তাসমিনা তাবাসসুম(২৮)। তিনি নিজ বাসভবন, মিরপুরে আইসোলেশনে আছেন। আক্রান্তদের সবার বাসা লকডাউনের আওতায় আনা হয়েছে। গত ২৫.০৪.২০২০ তারিখে ২৫০ শয্যা বিশিষ্ট কুষ্টিয়া সদর হাসপাতালে পিসিআর মেশিন ও ল্যাব চালু করা হয়েছে। মেশিনটি দৈনিক ৯৪টি স্যাম্পল পরীক্ষা করতে পারে। কুমারখালী উপজেলার শিলাইদহ ইউনিয়নের কল্যাণপুর ও মির্জাপুর গ্রাম দুটি ‘লকডাউন’ ঘোষণা করা হয়েছে।

সিভিল সার্জন, কুষ্টিয়া জানান, এ জেলায় ৬টি সরকারি হাসপাতালে ৬৫ জন ডাক্তার ও ৭৫ জন নার্স আছে। আইসোলেশন শয্যা সংখ্যা ৬৬ এবং কোয়ারেন্টাইনের জন্য ৩৫০টিসহ মোট ৪১৬টি শয্যার ব্যবস্থা করা হয়েছে। বর্তমানে ১৪,৮৫৯টি পিপিইর বরাদ্দ পাওয়া যায়। এর মধ্যে ৬৪৪৭টি বিতরণ করা হয়েছে এবং ৮৪১২টি মজুদ আছে।

তিনি আরও উল্লেখ করেন-কোভিড-১৯-এর প্রাদুর্ভাব মোকাবেলায় এ জেলায় বর্তমানে ঢাকা/নারায়ণগঞ্জ/করোনা আক্রান্ত এলাকা হতে আগত ২৫২৬ জনকে কোয়ারেন্টাইনে রাখা হয়েছে। প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনে এখন পর্যন্ত কোন রোগী নাই। বর্তমানে ৮ জন রোগী আইসোলেশনে আছেন। আইসোলেশন হতে অদ্যাবধি ১৮ জন ছাড়প্রাপ্ত হয়েছেন ।

**এছাড়া ত্রাণ বিষয়ে জেলা প্রশাসক নিম্নবর্ণিত তথ্যাবলি উল্লেখ করেনঃ**

- **জিআর ক্যাশঃ** নগদ করোনা উপলক্ষে ৯০লক্ষ + করোনার পুর্বের বরাদ্দ ৫ লক্ষ = ৯৫ লক্ষ। বিতরণ-৫৮,৬৩,৯৫৫ টাকা শেষে মজুদ-৩৬,৩৬,০৬৫ টাকা।
- **খাদ্য শষ্য ((বিনামুল্যে চাল):** জিআর চালের বরাদ্দ-করোনা উপলক্ষে বরাদ্দ-১৪০০ মে.টন+করোনার বরাদ্দের পুর্বের মজুদ-১৮০.৮৪০=১৫৮০.৮৪০ মে.টন। এ পর্যন্ত বিতরণ-৮৪০.৫৭০ মে.টন। মোট উপকারভোগী পরিবারের সংখ্যা ৬৯,৮৯১টি। অবশিষ্ট আছে

৭৪০.২৭০ মে.টন। জেলা প্রশাসক জানান, স্থানীয়ভাবে সংগৃহীত করোনা প্রতিরোধ তহবিল হতে ৭৭,৪৬,১২৫/- টাকা উপজেলাওয়ারী বরাদ্দ দেয়া হয়েছে। শিশু খাদ্য হিসেবে ৩৫৪০টি শিশুর মাঝে ১২ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। ৬ লক্ষ টাকা মজুদ আছে।

- **খাদ্য বান্ধব কর্মসূচিঃ**

বরাদ্দ: ১২৮১.৬৯ মে.টন, বিতরণ: ১২৮১.৬৯ মে.টন, মজুদ: শূন্য।

**ওএমএসঃ**

বরাদ্দ: ১২৫ মে. টন, বিতরণ: ১০৮.৮৫ মে. টন, মজুদ: ১৬.১৫ মে. টন

- **খাদ্য সহায়তা হিসাবে ২৬.০৫.২০২০ তারিখ পর্যন্ত নিম্নরুপ ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়েছে।**

**বিবেচ্য সময়ে** চাল -৬১৯.৯৭০ মে.টন, ডাল -৬২.২০৯ মে.টন, আলু-১৭২.৬৩৪ মে.টন, তেল-৫০৫৪.৫ লিটার, লবণ -১৪০৬.৫ কেজি, পেঁয়াজ-৮০১ কেজি, শুকনা মরিচ-৫১ কেজি, রসুন-১২৭.৭৫ কেজি, মুড়ি-২৯০ কেজি, সাবান-৮০৩১৪টি, গুড়া দুধ-১৪১৬ কেজি, চিনি- ৩.৫৪০ মে.টন ও সুজি- ১.৭৭০ মে.টন বিতরণ করা হয়েছে।

**চাহিদাঃ**

- ওএমএস-মাসিক চাহিদা (পৌরসভা)-মোট- ১২৪৯মে.টন।
- খাদ্যবান্ধব কর্মসূচি-মাসিক চাহিদা-মোট- ২৪৯০ মে. টন।
- ত্রাণের মাসিক চাহিদা-উপজেলা ও পৌরসভা-কুষ্টিয়া সদর-৬০০ মে.টন ও ৬৬ লাখ টাকা, কুমারখালি- ২৫০ মে.টন ও ৩৭.৫ লাখ টাকা খোকসা- ২১২ মে.টন ও ৩১.৮ লাখ টাকা মিরপুর- ২৫০ মে.টন ও ৩৭.৫ লাখ টাকা ভেড়ামারা- ১৮০ মে.টন ও ২৭ লাখ টাকা দৌলতপুর- ২৪০ মে.টন ও ৩৬ লাখ টাকা মোট ১৭৩২ মে.টন ও ২ কোটি ৩৫ লক্ষ ৮০ হাজার টাকা
- কুষ্টিয়ার মোট জনসংখ্যা ২২,৫৩,৫৮১ জন, কুষ্টিয়ায় অভাবগ্রস্থ পরিবার=২,৯৭,৪১৩টি (অভাবগ্রস্ত মানুষ= ১২,১৯,৩৯৩ জন, প্রতি পরিবারে ৪.১ জন মানুষ হিসেবে) সাহায্যপ্রাপ্ত পরিবার=১,২৭,৭৯৯টি।

পুলিশ সুপার, কুষ্টিয়া কনফারেন্সকে অবহিত করেন-হোম কোয়ারেন্টাইন নিশ্চিৎকরণ, জনসমাবেশ বন্ধকরণ এবং দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে বাজার মনিটরিংয়ের জন্য ৬টি উপজেলায় প্রয়োজনীয় সংখ্যক নির্বাহী ম্যাজিস্ট্রেট ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী প্রতিনিয়ত মোবাইল কোর্ট পরিচালনা করছে। একই সাথে সামরিক বাহিনীর সদস্যরাও যথারীতি দায়িত্ব পালন করে যাচ্ছেন। এ জেলার পরিস্থিতি বর্তমানে নিয়ন্ত্রণে রয়েছে।

ভিডিও কনফারেন্সে জেলা প্রশাসক ও জনপ্রতিনিধিবৃন্দ দৌলতপুর উপজেলার জন্য জরুরিভিত্তিতে ১টি অ্যাম্বুলেন্স ও জেলায় আরো কিছু এন-৯৫ মাস্ক সরবরাহকরণ ও আনসার সদস্যদের জন্য বরাদ্দ বৃদ্ধির দাবী জানান । জেলা প্রশাসককে এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থায় জরুরি চাহিদাপত্র প্রেরণপূর্বক সচিব, সুরক্ষা সেবা বিভাগ বরাবর অনুলিপি প্রেরণ করতে অনুরোধ করা হয়।

**বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ**

- ত্রাণকার্যক্রমসহ সরকারি কার্যসম্পাদনে কোন প্রকার নয়-ছয় কিংবা অনিয়ম/দুর্নীতি বরদাশত করা হবে না।
- কোভিড-১৯ সংক্রান্ত চিকিৎসা ব্যবস্থাপনা, ত্রাণ কার্যক্রম সমন্বয় ও আইন-শংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রত্যেকে নিজ নিজ অবস্থান থেকে তাদের দক্ষতা ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে অর্পিত দায়িত্ব নিষ্ঠার সহিত পালন করবেন;
- কুষ্টিয়া জেলায় বিদেশ প্রত্যাগত এবং ঢাকা ও নারায়ণগঞ্জ থেকে আগত সকলের কোয়ারেন্টাইন নিশ্চিত করা এবং জনসমাবেশ বন্ধ রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;
- দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে বাজার মনিটরিংয়ের জন্য ৬টি উপজেলায় প্রয়োজনীয় সংখ্যক নির্বাহী ম্যাজিস্ট্রেট ও আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী তৎপরতা অব্যাহত রাখা;
- খাদ্যদ্রব্যসহ নিত্য প্রয়োজনীয় সকল দ্রব্যের মজুদ পরিস্থিতি সন্তোষজনক এবং নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য স্বাভাবিক রাখা;
- এ জেলার অতিরিক্ত সংখ্যক শ্রমিককে ধান কাটার জন্য কুষ্টিয়া জেলা হতে বাইরের বিভিন্ন জেলায় গমনের ব্যবস্থা করে দেয়া;
- কোভিড-১৯ প্রতিরোধের লক্ষ্যে জেলা কমিটির নিয়মিত সভা অনুষ্ঠান এবং সভায় প্রয়োজনীয় কর্মসূচি গ্রহণ অব্যাহত রাখা;

- করোনা প্রার্দুভাবের কারণে খাদ্য বান্ধব কর্মসূচি চালু রাখার নিমিত্ত বরাদ্দ বৃদ্ধির প্রয়োজনীয় চাহিদাপত্র প্রেরণ করে সচিবকে অবহিত করা;
- জেলা প্রশাসক ও সিভিল সার্জন তাঁর প্রয়োজনমত চাহিদা সংশ্লিষ্ট দপ্তর/সংস্থায় প্রেরণপূর্বক সচিবকে অবহিত করবেন।
- ভিডিও কনফারেন্সে কোভিড-১৯ প্রতিরোধে মাননীয় প্রধানমন্ত্রীর ৩১ দফা নির্দেশনা মেনে চলার জন্য জনসাধারণের মাঝে ব্যাপক প্রচার ও উদ্বোদ্ধকরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।।

কোভিড-১৯ সংক্রান্ত চিকিৎসা ব্যবস্থাপনা, ত্রাণ কার্যক্রম সমন্বয় ও আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রত্যেকে নিজ নিজ অবস্থান থেকে দক্ষতা ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে অর্পিত দায়িত্ব নিষ্ঠার সহিত পালন করবেন এবং সেবা প্রদানকালে জনগণ যেন ভোগান্তির শিকার না হোন সে বিষয়টি সর্বাগ্রে খেয়াল রাখার অনুরোধ করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে কনফারেন্সের সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:
মো: শহিদুজ্জামান
সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

নং-৫৮.০০.০০০০.০১৪.১৮.০০১.২০.৬১০

তারিখঃ ১৮ বৈশাখ ১৪২৭
২৮ এপ্রিল ২০২০

অনুলিপিঃ সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।
১. মন্ত্রিপরিষদ সচিব/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, পুরাতন সংসদ ভবন, ঢাকা
২. মাননীয় সংসদ সদস্য,................................, কুষ্টিয়া।
৩.সিনিয়র সচিব/সচিব, ......................................বিভাগ/মন্ত্রণালয়।
৪.অনুবিভাগ প্রধান (সকল) সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৫.বিভাগীয় কমিশনার, খুলনা।
৬.জেলা প্রশাসক, কুষ্টিয়া।
৭.চেয়ারম্যান, জেলা পরিষদ, কুষ্টিয়া।
৮.মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অরগতির জন্য)।
৯.সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১০.দায়িত্ব প্রাপ্ত প্রতিনিধি, বাংলাদেশ সেনা বাহিনী।
১১.পুলিশ সুপার, কুষ্টিয়া।
১২.সিভিল সার্জন, কুষ্টিয়া।
১৩.মেয়র, কুষ্টিয়া পৌরসভা।
১৪.সভাপতি/সাধারণ সম্পাদক, কুষ্টিয়া, .............জেলা আওয়ামীলীগ, ।
১৫...........................................,কর্মকর্তা, কুষ্টিয়া।
১৬. অফিস কপি।

28.08.2020
মোঃ আবদুল কাদির
উপসচি (প্রশাসন-১)
সুরক্ষা সেবা বিভাগ।